তারিখ ... 05-DEC 2002
পৃষ্ঠা ৩ কলাম ৭

দৈনিক
ইনকিলাব

# ১ম বর্ষ বিএসসি. ইঞ্জিনিয়ারিং কোর্সে

## ভর্তি বিজ্ঞপ্তি

## বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী (বিআইটি)

## খুলনা / চট্টগ্রাম / রাজশাহী

শিক্ষাবর্ষঃ ২০০২-২০০৩

বিআইটি খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী-তে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ কম্পিউটার বিজ্ঞান ও কৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন কৌশল, পুরকৌশল এবং যন্ত্রকৌশল বিভাগে মোট ১১১০ টি আসনে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। ভর্তি পরীক্ষা বিআইটি খুলনা, চট্টগ্রাম ও রাজশাহীতে সম্মিলিতভাবে একই প্রশ্নে, একই তারিখে এবং একই সময়ে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকা এবং প্রার্থীদের পছন্দক্রমের ভিত্তিতে উপরোক্ত তিন বিআইটির বিভিন্ন বিভাগে ছাত্র ভর্তি করা হবে।

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) মাধ্যমিক পরীক্ষায় প্রার্থীকে কমপক্ষে ৫০% নম্বর পেয়ে পাশ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য নম্বর বা গ্রেড পেয়ে পাশ হতে হবে।

গ) প্রার্থীকে ২০০১ অথবা ২০০২ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গড়ে ৫০% নম্বর পেয়ে দ্বিতীয় বিভাগে পাশ হতে হবে। এই পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন এই তিন বিষয়ে গড়ে ন্যূনতম ৬০% নম্বর এবং পৃথকভাবে প্রতিটিতে কমপক্ষে ৫০% নম্বর পেতে হবে অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষার সমমানের কোন পরীক্ষায় উক্ত বিষয়গুলিতে কমপক্ষে সমতুল্য নম্বর বা গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থী GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত নিয়মসমূহ প্রযোজ্য হবেঃ GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে পাশ হতে হবে এবং GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিতে গড়ে B গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঙ) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম (রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান) এর উপজাতীয় ও স্থায়ী বাসিন্দা এবং বাঙ্গালি সম্প্রদায়ের জন্য ২৪তম পদাতিক ডিভিশন এর জিওসি কর্তৃক মনোনয়ন এর মাধ্যমে ভর্তিচ্ছু প্রার্থীদের জন্যঃ

১) ২০০১ এবং ২০০২ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন ও গণিত এই তিন বিষয়ে গড়ে ন্যূনতম ৪০(চল্লিশ) % নম্বর পেতে হবে।

২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম ২য় (দ্বিতীয়) বিভাগে উত্তীর্ণ হতে হবে।

২। আবেদন পত্র জমাদানের নিয়মঃ

আবেদনপত্রের নির্ধারিত ফরম ও আনুষাঙ্গিক নিয়মাবলী এবং তথ্য সম্বলিত ভর্তি নির্দেশিকা ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট এর বিনিময়ে পরিচালক, বিআইটি, খুলনা/চট্টগ্রাম/রাজশাহী এর অফিস থেকে অফিস চলাকালীন সময়ে ব্যক্তিগতভাবে সংগ্রহ করা যাবে। ডাকযোগে ফরম পেতে হলে নীচের যে কোন একটি ঠিকানায় ৩০০/- (তিন শত) টাকার ব্যাংক ড্রাফটসহ ১৫/- (পনের) টাকার ডাক টিকেট সম্বলিত প্রার্থীর ঠিকানাযুক্ত ২৫ সে.মি.×১৪ সে.মি. (আনুমানিক) আকারের একটি খাম পাঠাতে হবে।

| ফরম প্রাপ্তি ও জমা দেয়ার ঠিকানা | ড্রাফট করার পদ্ধতি |
|---|---|
| ১। পরিচালক, বিআইটি, খুলনা, খুলনা-৯২০৩ | সভাপতি ভর্তি কমিটি, বিআইটি, খুলনা এর অনুকূলে শুধুমাত্র জনতা ব্যাংক বিআইটি শাখা, খুলনা এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণযোগ্য নহে)। |
| ২। পরিচালক, বিআইটি, চট্টগ্রাম, চট্টগ্রাম-৪৩৪৯ | সভাপতি ভর্তি কমিটি, বিআইটি, চট্টগ্রাম এর অনুকূলে শুধুমাত্র সোনালী ব্যাংক বিআইটি শাখা, চট্টগ্রাম এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণযোগ্য নহে)। |
| ৩। পরিচালক, বিআইটি, রাজশাহী রাজশাহী-৬২০৪ | সভাপতি ভর্তি কমিটি, বিআইটি, রাজশাহী এর অনুকূলে শুধুমাত্র রূপালী ব্যাংক বিআইটি শাখা, রাজশাহী এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণযোগ্য নহে)। |

দ্রষ্টব্যঃ
যেহেতু সকল আবেদনপত্র কেন্দ্রীয়ভাবে বিবেচনা করা হবে, সেহেতু একজন প্রার্থীর জন্য একটি আবেদনপত্র যথেষ্ট। আবেদনপত্র যে কেন্দ্রেই জমা দেয়া হোক না কেন শুধুমাত্র ভর্তি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকা এবং বিভাগ পছন্দের ক্রমানুসারেই আসন নির্ধারণ করা হবে। ভর্তি নির্দেশিকা পুস্তিকায় উল্লেখিত নির্দেশ মোতাবেক ভর্তি ফরম ও কার্ড পূরণ করতে হবে।

৩। ভর্তি পরীক্ষার নিয়মঃ

ক) বিআইটি খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী-তে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন এই তিন বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে একটি সম্মিলিত মেধা তালিকা তৈরী করা হবে। এ তালিকা থেকে প্রথম ৬৬০০ (ছয় হাজার ছয় শত) জন প্রার্থীকে (খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী) বিআইটি-তে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদের সকলকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের পূর্ণ তালিকা, তিন বিআইটি এবং বিআইটি কাউন্সিলের [বাড়ী নং-১৬, রোড নং-১৫ (নতুন), ২৮ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা] নোটিশ বোর্ডে দেয়া হবে। প্রার্থীদের নিজ দায়িত্বে তাদের সংশ্লিষ্ট কেন্দ্রের নাম জেনে নিতে হবে।

৪। ভর্তি পরীক্ষার বিষয়বস্তু ও নির্ধারিত নম্বরঃ
২০০২ সালের উচ্চ মাধ্যমিক পাঠ্যসূচীর উপর ভিত্তি করে সাড়ে তিন ঘন্টা ব্যাপী একটি লিখিত ভর্তি পরীক্ষা নেয়া হবে। সর্বমোট ৭০০ নম্বরের (গণিত-২০০, পদার্থবিদ্যা-২০০, রসায়ন-২০০ সহ ফাংশনাল ইংলিশ-১০০) উপর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচীঃ

| | |
|---|---|
| ক) ভর্তির আবেদনপত্র বিতরণ শুরু | ২৯ শে ডিসেম্বর, ২০০২ইং রবিবার। |
| খ) ভর্তির আবেদনপত্র সংশ্লিষ্ট বিআইটিতে জমা দেয়ার শেষ সময় | ৩০শে জানুয়ারী, ২০০৩ইং বৃহস্পতিবার, বিকাল ৫টা। |
| গ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা ও নির্দিষ্ট পরীক্ষা কেন্দ্রের নাম প্রকাশ | ১৭ই ফেব্রুয়ারী, ২০০৩ইং সোমবার। |
| ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ২৮শে ফেব্রুয়ারী, ২০০৩ইং শুক্রবার, সকাল ৯:০০ হতে দুপুর ১২:৩০ টা পর্যন্ত। |
| ঙ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ১৩ই মার্চ, ২০০৩ইং বৃহস্পতিবার। |

৬। ভর্তি সংক্রান্ত বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য পরিচালক, বিআইটি, খুলনা/চট্টগ্রাম/রাজশাহী-এর দপ্তরে যোগাযোগ করতে হবে।

প্রফেসর ডঃ মোঃ নওশের আলী
সভাপতি, সম্মিলিত ভর্তি কমিটি
বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী
খুলনা/চট্টগ্রাম/রাজশাহী
এবং
পরিচালক, বিআইটি, খুলনা।

পি-২৯১৫/২০০২